ডিজিটাল বাংলাদেশ Digital Bangladesh
ICT DIVISION FUTURE IS HERE
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর DEPARTMENT OF ICT DoICT
আইসিটি বর্ষ-১ ◢ সংখ্যা- ৯ ◢ ঢাকা, জুন-২০১৮
নিউজলেটার

# বঙ্গবন্ধু স্যাটেলাইট-১: আকাশ ছুঁয়েছে বাংলাদেশ

ছবি : ইয়াসিন কবির জয়

গত ১৪ মে বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রিপরিষদ বৈঠকের শুরুতে বঙ্গবন্ধু-১ স্যাটেলাইট-এর রেপ্লিকা প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে তুলে দিয়ে তাঁকে ফুলেল অভিনন্দন জানান ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক

**মিমইয়া ইসলাম চৌধুরী :** অবশেষে আকাশ ছুঁয়েছে বাংলাদেশ। স্বপ্নের বঙ্গবন্ধু স্যাটেলাইট ১১৯ দশমিক ১ ডিগ্রি দ্রাঘিমাংশে স্থাপিত হয়েছে। গত ১১ মে দিবাগত রাত ২টা ১৪ মিনিটে কেনেডি স্পেস সেন্টার থেকে উৎক্ষেপণ করা ৩ হাজার ৭০০ কেজি ওজনের এ স্যাটেলাইটটি যোগাযোগ প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় সহ সরকারের একটি প্রতিনিধি দল। এ দলে ছিলেন তথ্য প্রতিমন্ত্রী তারানা হালিম, তথ্য ও যোগাযোগ প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ইমরান আহমেদ

বহনকারী রকেট ফ্যালকন-৯ সোজা আকাশে উঠে যায়। মহাকাশের নির্দিষ্ট কক্ষপথ ১১৯ দশমিক ১ ডিগ্রি পূর্ব দ্রাঘিমাংশে যেতে এটিকে ৩৬ হাজার কিলোমিটার পথ পাড়ি দিতে হয়েছে। সর্বশেষ প্রাপ্ত খবরে জানা গেছে, গত ২১ মে স্যাটেলাইটটি ১১৯ দশমিক ১ ডিগ্রি পূর্ব দ্রাঘিমাংশে পৌঁছেছে। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণের মধ্যদিয়ে বাংলাদেশ স্যাটেলাইট ক্লাবের ৫৭তম সদস্য হলো। দেশের এ অর্জনে বাংলাদেশীরা আবেগে আপ্লুত। ঐতিহাসিক এ মুহূর্তের সাক্ষী হতে সেদিন যুক্তরাষ্ট্রের ফ্লোরিডার কেনেডি স্পেস সেন্টারে হাজির হয়েছিলেন যুক্তরাষ্ট্র প্রবাসীরা তো বটেই, বাংলাদেশ থেকেও অনেকে সেখানে গেছেন। সাথে যোগ দিয়েছেন প্রধানমন্ত্রীর তথ্য ও এমপি, বিটিআরসির চেয়ারম্যান ড. শাহজাহান মাহমুদ, ডাক ও টেলিযোগাযোগ সচিব শ্যামসুন্দর সিকদারসহ বাংলাদেশ থেকে যাওয়া ৪২ সদস্যের প্রতিনিধি দল। যারা যেতে পারেননি, তারা দেশে বসে রাত জেগে টেলিভিশনে প্রত্যক্ষ করেছেন। উৎক্ষেপণের মুহূর্তটি স্পেসএক্সের ওয়েবসাইট থেকে সরাসরি সম্প্রচার করা হয়। সফল উৎক্ষেপণের পরপরই শুরু হয় হর্ষধ্বনি ও চিৎকার, গড়িয়ে পড়ে আনন্দাশ্রু। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ সফল উৎক্ষেপণের প্রায় ১ ঘণ্টা ১০ মিনিটের মাথায় গাজীপুর ভূ-উপগ্রহ কেন্দ্রে সংকেত এসে পৌঁছায়। কোন ধরনের নিয়ন্ত্রণ না করে এখান থেকে ভূ-উপগ্রহের প্রকৌশলীরা এর গতিবিধি পর্যবেক্ষণ করছেন। *(বাকি অংশ ২-এর পৃষ্ঠায়)*

## তথ্যপ্রযুক্তি খাতের উন্নয়ন অন্য দেশের জন্য অনুসরণীয় : অর্থমন্ত্রী

**নিউজলেটার ডেস্ক :** অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, বাংলাদেশের তথ্যপ্রযুক্তি খাতের উন্নয়ন যেকোনো দেশের জন্যই অনুসরণীয়। তথ্যপ্রযুক্তি খাতের উন্নয়নে বেসিস অনেক দিন ধরেই সরকারের সঙ্গে কাজ করছে উল্লেখ করে তিনি বলেন, 'আসন্ন বাজেটে তথ্যপ্রযুক্তি খাতবান্ধব সিদ্ধান্তই নেওয়া হবে।'

গত ২১ মে, ২০১৮ সচিবালয়ে অর্থ মন্ত্রণালয়ের সভাকক্ষে বেসিস কার্যনির্বাহী পরিষদের সদস্যদের সঙ্গে বৈঠককালে এসব কথা বলেন অর্থমন্ত্রী। বৈঠকে ২০১৮-১৯ অর্থবছরের বাজেট সামনে রেখে সফটওয়্যার ও আইটি-সেবার সঙ্গে সংশ্লিষ্ট বিদ্যমান কর, মূসক, শুল্ক এবং আইটি কোম্পানিগুলোর জাতীয় রাজস্ব বোর্ড থেকে কর অব্যাহতি সনদ ইস্যুকরণ, ইইএফ অবিলম্বে চালুকরণসহ বিভিন্ন ইস্যুতে আলোচনা হয়। পাশাপাশি, স্থানীয় সফটওয়্যার ও আইটি প্রতিষ্ঠানগুলো যাতে দেশের সব ক্ষেত্রে স্থানীয়ভাবে তৈরি সফটওয়্যার ব্যবহার করে এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ এবং সচেতনতা সৃষ্টির ব্যাপারে আলোচনা হয়েছে।

বেসিসের সংবাদ বিজ্ঞপ্তিতে এসব কথা জানিয়ে আরও বলা হয়, *(বাকি অংশ ২-এর পৃষ্ঠায়)*

BPO SUMMIT BANGLADESH 2018

# ২০২১ সালের মধ্যে বিপিও খাতে কর্মসংস্থান এক লাখ ছাড়িয়ে যাবে : জয়

বিপিও সামিট বাংলাদেশ-২০১৮ এর উদ্বোধনী অনুষ্ঠান

**বিশেষ প্রতিবেদক :** ১৫-১৬ এপ্রিল, ২০১৮ ঢাকার প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে তৃতীয়বারের মতো সফলভাবে সৃজনশীল অর্থনীতি স্লোগান নিয়ে অনুষ্ঠিত হয়েছে বিপিও সামিট বাংলাদেশ-২০১৮। বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর ও বাংলাদেশ এসোসিয়েশন অব কলসেন্টার এন্ড আউটসোর্সিং (বাক্য) যৌথভাবে এই সামিটের আয়োজন করে। সামিটের উদ্বোধন করেন প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী মোস্তাফা জব্বার, একই মন্ত্রণালয় বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ইমরান আহমেদ এমপি, আইসিটি বিভাগের প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক এমপি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব সুবীর কিশোর চৌধুরী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মহাপরিচালক এ. কে. এম. খায়রুল আলম এবং বাক্য-এর সভাপতি ওয়াহিদ শরীফ।

উদ্বোধনী অনুষ্ঠানে সজীব ওয়াজেদ জয় বলেন, ২০২১ সালের মধ্যে বিজনেস প্রসেস আউটসোর্সিং বা বিপিও খাতে কর্মসংস্থান এক লাখ ছাড়িয়ে যাবে। বর্তমানে দেশের তথ্য-প্রযুক্তি খাত থেকে রপ্তানি ৮০০ ডলার অতিক্রম করেছে। তথ্যপ্রযুক্তিতে বিপিও খাতে কর্মসংস্থান দ্রুত বৃদ্ধির কথা উল্লেখ করে তরুণদের উদ্দেশ্যে তিনি বলেন, তরুণদের এখন চাকরি নিয়ে ভাবতে হবে না। তথ্য-প্রযুক্তি খাত তাদের বিপুল আয়ের মাধ্যমে স্বাবলম্বী হতে শেখাবে।

বিপিও সামিটের উদ্দেশ্য হচ্ছে আন্তর্জাতিক বাজারে বাংলাদেশের এ খাতের অবস্থানকে তুলে ধরা। ২০০৯ সালে বাংলাদেশে এই খাতে মাত্র ৩০০ কর্মী ছিল, এখন তা ৪০ হাজারের উপরে অবস্থান করছে। আশা করা হচ্ছে আগামী ২০২১ সালের মধ্যে এ খাতে এক লাখ কর্মসংস্থান হবে। তিনি আরও বলেন, তথ্য-প্রযুক্তি খাত থেকে ১০ বছর আগে বছরে আড়াই কোটি ডলারের সমান রপ্তানি করতো। এখন সেটা ৮০০ কোটি ডলার অতিক্রম করেছে। শুধু আউটসোর্সিং থেকে আয় হচ্ছে ৩০ কোটি ডলারের বেশি। এখন বাংলাদেশ তথ্য-প্রযুক্তিতে বিশ্বে যোগ্যতা ও দক্ষতার সঙ্গে প্রতিযোগিতা করে যাচ্ছে।

সজীব ওয়াজেদ জয় বলেন, যুবসমাজের চাকরির জন্য সরকারের দিকে তাকিয়ে থাকার প্রয়োজন নেই। বর্তমান সরকারের সঠিক পরিকল্পনা ও দিকনির্দেশনার কারণে তথ্যপ্রযুক্তি খাতে কর্মসংস্থানের *(বাকি অংশ ২-এর পৃষ্ঠায়)*

## মোবাইল অ্যাপস্ এর মাধ্যমেই সেবা পাবে পৌরবাসী : মোস্তাফা জব্বার

সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান

**নিউজলেটার রিপোর্ট :** বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাধীন 'ডিজিটাল বাংলাদেশের জন্য ই-গভর্নমেন্ট মাস্টার প্ল্যান প্রণয়ন' শীর্ষক প্রকল্পের আওতায় বাংলাদেশের ১০টি পৌরসভায় 'ডিজিটাল মিউনিসিপালিটি সার্ভিসেস সিস্টেম ডেভেলপমেন্ট' নামে পাইলট প্রকল্প চালুর বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, এটুআই এবং কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী (কোইকা) এর মধ্যে একটি সমঝোতা স্মারক ৭ মে, ২০১৮ তারিখ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল সভাকক্ষে স্বাক্ষরিত হয়। সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের মন্ত্রী মোস্তাফা জব্বার। উক্ত অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ড. জাফর আহমেদ খান, সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ; সুবীর কিশোর চৌধুরী, সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ; পার্থপ্রতিম দেব, নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল; জো হেন-স্থ (Joe Hyun-gue), কান্ট্রি ডিরেক্টর, কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী (কোইকা) বাংলাদেশ অফিস; এটুআই প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয়; এবং 'ডিজিটাল বাংলাদেশের জন্য ই-গভর্নমেন্ট মাস্টার প্ল্যান প্রণয়ন' প্রকল্পের প্রকল্প-পরিচালক মো: মনির হোসেন। মন্ত্রী মোস্তাফা জব্বার বলেন, 'ডিজিটাল বাংলাদেশের জন্য ই-গভর্নমেন্ট মাস্টার প্ল্যান প্রণয়ন' প্রকল্পটি কোরিয়া ইন্টারন্যাশনাল কো-অপারেশন এজেন্সী (কোইকা) এর সহযোগিতায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আওতায় বাংলাদেশের ১০টি পৌরসভায় 'ডিজিটাল মিউনিসিপালিটি সার্ভিসেস সিস্টেম ডেভেলপমেন্ট' *(বাকি অংশ ৭-এর পৃষ্ঠায়)*

## অনলাইনে টিকিট ও রাইড শেয়ার নিয়ে নতুন করে এল সহজ

**নিউজলেটার ডেস্ক :** সহজ ডটকমের নতুন লোগো উন্মোচন করেন তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ ও ক্রিকেটার তাসকিন আহমেদ। অনলাইনে টিকিট কাটা ও রাইড শেয়ার সুবিধা নিয়ে নতুন করে পথচলা শুরু করেছে সহজ ডটকম। প্রতিষ্ঠানটির লোগোতেও এসেছে পরিবর্তন। গত ২১ মে রাজধানীর আগারগাঁওয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে আয়োজিত অনুষ্ঠানে নতুন লোগো উন্মোচন করে প্রতিষ্ঠানটি। এ সময় ক্রিকেটার তাসকিন আহমেদকে ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসেবে ঘোষণা দেওয়া হয়।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ বলেন, চার বছর ধরে সহজ অনলাইন টিকিট কাটার সুবিধা দিচ্ছে। রাইড শেয়ারিংয়ে এসেছে 'সহজ রাইডস'। এ ধরনের উদ্যোগ জীবনযাপন সহজ করার পাশাপাশি কর্মসংস্থানেরও

লোগো উন্মোচন করেন আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক ও ক্রিকেটার তাসকিন আহমেদ

সুযোগ তৈরি হয়।

সহজের ব্যবস্থাপনা পরিচালক মালিহা এম কাদির বলেন, ২০১৪ সালে শুরু হয় সহজ। 'জীবনটাকে সহজ করুন'- এই ধারণাকে সামনে রেখে অনলাইনে টিকেটিং সেবা চালু করে প্রতিষ্ঠানটি। পরে যুক্ত হয় রাইড শেয়ারিং সেবা। বিভিন্ন সেবাকে এক জায়গায় আনতে চলমান চাকার একটি লোগো যুক্ত করা হয়েছে।

---

## কর্মসংস্থান এক লাখ ছাড়িয়ে যাবে : জয়

অনুষ্ঠানে সজীব ওয়াজেদ জয় এবং মোস্তাফা জব্বার

## কিছু দিকনির্দেশনা

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান শেষে ফটোসেশন

**নিজস্ব রিপোর্ট :** গত ২৭ মে, ২০১৮ মহাপরিচালক, আইসিটি অধিদপ্তর এবং ৬৪ জেলার প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামারের মধ্যে মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়। এ উপলক্ষে অধিদপ্তরের সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আইসিটি অধিদপ্তরের মহাপরিচালক এ.কে.এম. খায়রুল আলম (অতিরিক্ত সচিব)। সভাপতিত্ব করেন অতিরিক্ত মহাপরিচালক মালিহা নার্গিস (অতিরিক্ত সচিব)। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে জেলা / উপজেলা পর্যায়ের মোট ৮০ জন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

## সেবা পদ্ধতি সহজিকরণ ও নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

## 'উদ্ভাবনী কার্যক্রমসমূহের ফলাফল ও সরকারের অর্জন বিষয়ে জনসচেতনতা সৃষ্টি' শীর্ষক সেমিনার

চেক প্রদান করছেন মন্ত্রী মোস্তাফা জব্বার

## প্রতিবন্ধীদের জন্য প্রযুক্তি

## তথ্যপ্রযুক্তি খুলে দিচ্ছে

## বঙ্গবন্ধু স্যাটেলাইট-১: আকাশ ছুঁয়েছে বাংলাদেশ

বঙ্গবন্ধু স্যাটেলাইটের সফল উৎক্ষেপণের পর ফ্লোরিডার কেনেডি স্পেস সেন্টারে উচ্ছসিত প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়

### ঘোষণা

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন প্রকল্পসমূহের গুরুত্বপূর্ণ সংবাদ এই নিউজলেটারে প্রকাশ করা হচ্ছে। —সম্পাদক

---

## সম্পাদকীয়

### বিপিও সামিট তরুণদের মনে আশা জাগিয়েছে

সম্প্রতি শেষ হয়ে গেলো বিজনেস প্রসেস আউটসোর্সিং বা বিপিও আন্তর্জাতিক সামিট। উদ্দেশ্য-তথ্যপ্রযুক্তি খাতে আউটসোর্সিং ব্যবসা পরিচালনা, আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের আউটসোর্সিং কর্মকাণ্ডের সঠিক চিত্র তুলে ধরা, ব্যবসা উন্নয়ন ও নতুন বিনিয়োগের সম্ভাবনা সম্পর্কে আলোচনা। এটি ঢাকায় অনুষ্ঠিত তৃতীয় বিপিও সামিট, যা দেশের তরুণদের মাঝে ব্যাপক সাড়া জাগিয়েছে। প্রতি বছর দেশের প্রাইভেট ও পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে উচ্চতর ডিগ্রি নিয়ে কর্মসংস্থানের অভাবে বেকার হয়ে পড়ছে তরুণরা। তাই চাকুরী নয়, উদ্যোক্তা হিসেবে কর্মসংস্থান করতে তরুণদের বিপিও খাতে উৎসাহিত করা হচ্ছে। তথ্যপ্রযুক্তি খাতে তাদের বিপুল আয়ের মাধ্যমে স্বাবলম্বী হতে শেখানো হচ্ছে।

## ডিজিটাল বাংলাদেশ : বাস্তবায়নের অগ্রগতি ও কিছু দিকনির্দেশনা

▌অধ্যাপক ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু ▌

## দৃষ্টিপাত

## তথ্যপ্রযুক্তি খুলে দিচ্ছে অনন্য সম্ভাবনার দ্বার

▌শ্যামসুন্দর সিকদার

বাংলাদেশ বায়োটেকনোলজি গবেষণাগার

যে জাতি নারীদেরকে শিক্ষিত করে তুলতে পারে, সে জাতির উন্নতি অবধারিত। বর্তমান সরকার শিক্ষায় নারী-পুরুষের সমতা অর্জনে প্রশংসনীয় সাফল্য অর্জন করেছে। বাংলাদেশে শিক্ষায় ছেলেদের চেয়ে মেয়েদের অগ্রগতি চোখে পড়ার মতো। একসময় নারী শিক্ষা ছিল শুধু উচ্চবিত্ত ও শহরের কিছু পরিবারের মধ্যে সীমাবদ্ধ। সেই ধারণা থেকে বেরিয়ে এসে নারী শিক্ষার ক্ষেত্রে বাংলাদেশ আজ ঈর্ষণীয় সাফল্য দেখিয়েছে। প্রায় শতভাগ মেয়েই এখন স্কুলে যাচ্ছে। মেয়েদের জন্য বিদ্যালয়ে যে পরিবেশ থাকা দরকার, সরকার তা নিশ্চিত করেছে।

বাংলাদেশ অমিত সম্ভাবনার দেশ। এখানকার জনগণ কঠোর পরিশ্রমী। প্রশাসনিক দক্ষতা আর সদিচ্ছার মাধ্যমে এ দেশের উন্নয়ন করা অসম্ভব নয়। মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার দিক-নির্দেশনামূলক নেতৃত্ব এবং বর্তমান সরকারের সদিচ্ছায় এই দেশ এগিয়ে যাবে বহুদূর। তথ্য-প্রযুক্তি নির্ভর যে বাংলাদেশের স্বপ্ন দেখছি আমরা, তা সত্যিই একদিন দৃশ্যমান হবে-তা আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি।

### ঈদের শুভেচ্ছা

আমাদের অগণিত পাঠক, শুভানুধ্যায়ীসহ আইসিটি পরিবারের সবাইকে জানাই পবিত্র ঈদ-উল ফিতরের শুভেচ্ছা। ঈদ সবার জীবনে বয়ে আনুক আনন্দের বারতা। ঈদ মোবারক। —সম্পাদক

---

## আইসিটি অধিদপ্তরের মহাপরিচালকের ব্রাহ্মণবাড়িয়ায় বিদ্যালয় পরিদর্শন

**নিজস্ব প্রতিবেদক :** ১২ মে, ২০১৮ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মহাপরিচালক এ, কে, এম, খায়রুল আলম ব্রাহ্মণবাড়িয়া জেলার সদর উপজেলার 'বুধল উচ্চ বিদ্যালয়' পরিদর্শন করেন। পরিদর্শন কালে উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার, উপজেলা শিক্ষা অফিসার, সহকারী প্রোগ্রামার, ব্রাহ্মণবাড়িয়া সদর ও সহকারী প্রোগ্রামার আশুগঞ্জ এবং প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকসহ অন্যান্য শিক্ষক ও ছাত্রছাত্রী উপস্থিত ছিলেন। মহাপরিচালক তাদের সাথে মতবিনিময় করেন এবং প্রয়োজনীয় দিকনির্দেশনা দেন।

### যশোর সংবাদ

**নিজস্ব প্রতিবেদক :** 'Restoration of Natural Ecosystem' শিরোনামে Basin wide মাস্টার প্ল্যান তৈরির লক্ষ্যে গত ২৩ মে, ২০১৮ পানি সম্পদ মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিবের সাথে বাংলাদেশের ৬৪টি জেলার মধ্যে ১৬টি জেলা প্রশাসকের কার্যালয় Two-way যোগাযোগে এবং বাকি ৪৮টি জেলা প্রশাসকের কার্যালয় অনুষ্ঠানে সংযুক্ত থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে মতবিনিময় অনুষ্ঠানের আয়োজন করে। উক্ত ভিডিও কনফারেন্সে যশোরের জেলা প্রশাসক তার কার্যালয় থেকে Two-way যোগাযোগে সংযুক্ত ছিলেন।

## যশোরে আইসিটি প্রতিমন্ত্রীকে ফুলেল শুভেচ্ছা

**নিজস্ব রিপোর্ট :** গত ৪ মে আইসিটি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক যশোর সফরে গেলে তাকে ফুলেল শুভেচ্ছা জানান যশোর জেলার আইসিটি কর্মকর্তাবৃন্দ। এ সময় আইসিটি উন্নয়নে প্রতিমন্ত্রী বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন।

## মানিকগঞ্জ সদর উপজেলা পরিদর্শনে আইসিটি অধিদপ্তরের সিস্টেমস্ ম্যানেজার

## উপ-পরিচালক (অর্থ)-এর অভ্যন্তরগ উপজেলা কার্যালয় পরিদর্শন

## কালিয়াকৈরে মাতৃত্বকালীন ভাতার ডিজিটাল পেমেন্ট সিস্টেম কার্যক্রম উদ্বোধন

## বরিশালে এগ্রিকালচার বিজনেস সেন্টার-এর আয়োজনে ওয়ার্কশপ

## পটুয়াখালীতে ই-নথি বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা

## জামালপুরে নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক পর্যালোচনা সভা

'নাগরিক সেবায় উদ্ভাবনী উদ্যোগ' বিষয়ক
পর্যালোচনা সভা

## ঢাকা জেলায় ২ দিনব্যাপী ই-নথি বিষয়ক প্রশিক্ষণ

## নাটোরে মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের বেসিক আইসিটি প্রশিক্ষণ





## কুষ্টিয়ায় ২ দিনব্যাপী End User Training প্রোগ্রাম

**নিজস্ব প্রতিবেদক :** গত ৯ মে, ২০১৮ কুষ্টিয়া জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ই-নথি সিস্টেমের উপর মাঠ পর্যায়ের কর্মকর্তাদের জেলা পর্যায়ে End User Training প্রোগ্রাম এর দ্বিতীয় ব্যাচের ২ দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার উদ্বোধন করেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মো. জহির রায়হান।

## নারায়ণগঞ্জে ওয়েব পোর্টালের উপর ইনহাউজ ট্রেনিং

**মো: তরিফুল ইসলাম চৌধুরী :** গত ২৫ এপ্রিল, ২০১৮ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে নারায়ণগঞ্জ সদর উপজেলার সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার উদ্যোক্তাদের নিয়ে ন্যাশনাল ওয়েব পোর্টালের উপর ইনহাউজ ট্রেনিং-এর আয়োজন করা হয়। জেলা প্রশাসকের দিকনির্দেশনায় অনুষ্ঠিত এই প্রশিক্ষণে উপ-পরিচালক, স্থানীয় সরকার, নারায়ণগঞ্জ সভাপতিত্ব করেন।

## মৌলভীবাজারে ই-ফাইল (নথি) বিষয়ক প্রশিক্ষণ

---

## বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ উপলক্ষে BASIS BB-Sat-1 অ্যাপ উদ্বোধন

BASIS BB-Sat-1 অ্যাপের উদ্বোধনী অনুষ্ঠান

## আইটি খাতের জন্য এসিএমপি গ্রাজুয়েট হলো ৩৫৮ জন

গ্রাজুয়েটদের উদ্দেশ্যে বক্তব্য রাখছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার

## সরকারি কর্মচারী বিধিমালা ও সচিবালয় নির্দেশমালা বিষয়ক কর্মশালা

মাঠ পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণ কর্মশালা

## ই-নথি সিস্টেমের উপর সঞ্জীবনী প্রশিক্ষণ কর্মশালা

ই-নথি সিস্টেমের উপর সিস্টেম এডমিনদের প্রশিক্ষণ ছবি : হোসাইন সৌরভ

## ফেরদৌস বাংলা রোবট আপডেটেই কৃত্রিম বুদ্ধিমত্তার ছোঁয়া পাবে

নিজের তৈরি ফেরদৌস বাংলা রোবটের সাথে ফারহান বিন আব্দুল্লাহ খান আহাদ

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন বিষয়ক কর্মশালা

বক্তব্য রাখছেন মহাপরিচালক

## বজ্রপাত থেকে কম্পিউটার ও প্রযুক্তি পণ্য কিভাবে নিরাপদ রাখবেন



---

## ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের স্থানীয় প্রশিক্ষণ কার্যক্রম উদ্বোধন

## হাই-টেক পার্ক সিলেট-এর নির্মাণ কাজ পরিদর্শন

## চামড়াজাত পণ্যের ই-কমার্স পোর্টালের উদ্বোধন

বক্তব্য রাখছেন স্পিকার শিরীন শারমিন চৌধুরী

## ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রীর মহেশখালী ও রামু সফর

৩১ মে, ২০১৮ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে আইসিটি পরিবারের ইফতার ও দোয়া মাহফিল-২০১৮

### টিপস্

নজরদারি করছে কিনা অ্যাপ জানাবে অ্যান্ড্রয়েড পি

## গুগল কিবোর্ডে জিআই এফ বানানোর উপায়

## দেশে আরও পাঁচ হাইটেক পার্ক হচ্ছে

## ক্লাসরুমের জন্য সফটওয়্যার আনছে অ্যাপেল

## 'ডিজিটাল নিরাপত্তায় মেয়েদের সচেতনতা' শীর্ষক কর্মশালা

ছাত্রীদের হাতে কলমে ডিজিটাল নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ

## আইসিটি অধিদপ্তরে যোগ দিলেন ৩ কর্মকর্তা

মুহাম্মদ আলমগীর ফারুক চৌধুরী, মো: সুলতান মাহমুদ এবং মো: তুহিনুল ইসলাম

**নিজস্ব রিপোর্ট :** সম্প্রতি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরে মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, ডাটাবেজ এডমিনিস্ট্রেটর এবং নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার পদে ৩ কর্মকর্তা যোগদান করেছেন। তারা হলেন যথাক্রমে মুহাম্মদ আলমগীর ফারুক চৌধুরী, মো: সুলতান মাহমুদ এবং মো: তুহিনুল ইসলাম।

---

## মাইক্রোসফটের সঙ্গে ওয়ালটনের পার্টনারশিপ চুক্তি স্বাক্ষর

SIGNING PROGRAM OF NAMED PARTNERSHIP
WALTON & Microsoft
মাইক্রোসফটের সঙ্গে ওয়ালটনের পার্টনারশিপ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান ছবি : হোসাইন সৌরভ

## সেবা পাবে পৌরবাসী

## দেশীয় টেলিভিশন চ্যানেলগুলো স্যাটেলাইট ব্যবহার করতে পারবে

টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার

Russia-Bangladesh IT Summit-2018
রাশিয়া-বাংলাদেশ আইটি সামিট-২০১৮
রাশিয়া-বাংলাদেশ আইটি সামিট-২০১৮

## Project Management & Appraisal Process শীর্ষক প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠান

মাঠ পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণ কর্মশালা

## খেলার ছলে শিশুদের বিজ্ঞান শেখাবে এসপিএসবি

## বাংলাদেশের সঙ্গে সাইবার সিকিউরিটিতে কাজ করবে রাশিয়া

## 'ICT and Wireless communication Trends and Convergence' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন মহাপরিচালক এ.কে.এম. খায়রুল আলম

**নিউজলেটার রিপোর্ট :** গত ৬ মে, ২০১৮ আইসিটি অধিদপ্তরের সম্মেলন কক্ষে 'ICT and Wireless communication Trends and Convergence' শীর্ষক এক প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। এ প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মহাপরিচালক এ.কে.এম. খায়রুল আলম। পরিচালক (অর্থ ও প্রশাসন) মো: রেজাউল মাকছুদ জাহেদীসহ অধিদপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ এতে উপস্থিত ছিলেন। দুই দিনব্যাপী অনুষ্ঠিত উক্ত কর্মশালায় আইসিটি অধিদপ্তরের প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায়ের ৪০ জন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

## পাসওয়ার্ড নিরাপদ রাখবেন যেভাবে

**আনিকা জীনাত :** ৩ মে বিশ্ব পাসওয়ার্ড দিবস। প্রতি বছর মে মাসের প্রথম বৃহস্পতিবার দিবসটি পালন করা হয়। পাসওয়ার্ড ব্যবহারে সচেতনতা বাড়াতে প্রতি বছর দিবসটি উদ্‌যাপিত করা হয়। এ দিবস উপলক্ষে আপনার ডিজিটাল অ্যাকাউন্টগুলো নিরাপদ রাখতে কী কী করতে হবে সেরকম কিছু টিপস এখানে উল্লেখ করা হলো।

বর্তমান সময়ে পাসওয়ার্ড হ্যাক করা খুব সহজ একটি ব্যাপার। তবে কয়েকটি কৌশল মেনে চললে হ্যাকিংয়ের ঝুঁকি কিছুটা হলেও কমানো সম্ভব।

**টু ফ্যাক্টর অথেন্টিকেশন**

অ্যাকাউন্ট নিরাপদ রাখতে চাইলে টু ফ্যাক্টর অথেন্টিকেশন ব্যবহার করা যেতে পারে। এই ফিচারের আওতায় প্রতিবার লগইনের সময় মোবাইলে কোড নম্বর পাঠানো হয়ে থাকে।

**পাসওয়ার্ড সেইভ**

নিজের কম্পিউটার বাদে অন্য কোনো কম্পিউটারে 'রিমেম্বার মাই পাসওয়ার্ড' ফিচারটি ব্যবহার করা উচিত নয়। সাইবার ক্যাফে বা লাইব্রেরির কম্পিউটারে কোনো অ্যাকাউন্ট খুললে সেটির পাসওয়ার্ড নোট প্যাডে লিখে রাখাই ভালো।

**সিকিউরিটি কোয়েশ্চন**

সিকিউরিটি কোয়েশ্চন হিসেবে আপনি কোথায় বড় হয়েছেন, জন্মতারিখ বা আপনার মায়ের নাম কি এসব প্রশ্নের উত্তর এড়িয়ে যাওয়াই ভালো। কারণ এই প্রশ্নগুলোর উত্তর আপনার সোশ্যাল মিডিয়া অ্যাকাউন্টগুলো থেকেও পাওয়া সম্ভব।

**পাসওয়ার্ড বদল**

অন্য কেউ আপনার পাসওয়ার্ড জেনে গেলে দ্রুতই পাসওয়ার্ড বদল করা প্রয়োজন। এতে হ্যাকিংয়ের হাত থেকে রেহাই পাওয়া সম্ভব।

**ইউএসবি কী**

গুগল, ফেইসবুক ও ড্রপবক্সের নিরাপত্তার জন্য ইউএসবি কী ব্যবহার করা যায়। এই ইউএসবি কী ছাড়া কোনো মতেই অ্যাকাউন্টে ঢোকা যাবে না। তাই ব্যবহারকারীকে সর্বদাই ডিভাইসটি বয়ে নিয়ে বেড়াতে হবে।

**রাউটারের পাসওয়ার্ড**

অনেক রাউটারেই ডিফল্ট লগইন দেওয়া থাকে। সেখানে লগইন নেম থাকে অ্যাডমিন আর পাসওয়ার্ডের জায়গায় লেখা থাকে পাসওয়ার্ড। তাই রাউটারের পাসওয়ার্ডটিও বদল করা জরুরি।

## আইসিটি অধিদপ্তরের তৃতীয় শ্রেণির কর্মচারীদের ২য় ব্যাচের 'বেসিক অফিস ম্যানেজমেন্ট' প্রশিক্ষণ কর্মশালা

প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করছেন আইসিটি অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক মালিহা নার্গিস

**নিজস্ব রিপোর্ট :** গত ১৫ মে, ২০১৮ থেকে আঞ্চলিক লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (আরপিএটিসি), ঢাকাতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২৯ জন তৃতীয় শ্রেণির কর্মচারীর দ্বিতীয় ব্যাচে ২১ দিনব্যাপী 'বেসিক অফিস ম্যানেজমেন্ট কোর্স' বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা শুরু হয়েছে। উক্ত প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করেন আইসিটি অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক মালিহা নার্গিস (অতিরিক্ত সচিব)।

## সরকারি কর্মচারী আচরণ বিধিমালা এবং সচিবালয় নির্দেশমালা-২০১৪' শীর্ষক প্রশিক্ষণ

প্রশিক্ষণ দিচ্ছেন ড. মো: শাহাদাৎ হোসেন

**রুমা ধর :** গত ২৬ এপ্রিল, ২০১৮ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের উপজেলা/জেলা পর্যায়ের ৩১ জন কর্মকর্তার অংশগ্রহণে 'সরকারি কর্মচারী আচরণ বিধিমালা এবং সচিবালয় নির্দেশমালা-২০১৪' শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা অধিদপ্তরের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রশিক্ষণ প্রদান করেন ড. মো: শাহাদাৎ হোসেন (যুগ্মসচিব), প্রকল্প পরিচালক, 'সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন' প্রকল্প এবং মোস্তাইন বিল্লাহ (উপসচিব), উপপরিচালক (প্রশাসন), আইসিটি অধিদপ্তর।

### কৈফিয়ত

অনিবার্য কারণবশত আইসিটি নিউজলেটার-এর মে, ২০১৮ (১ম বর্ষ ৮ম সংখ্যা) সংখ্যা প্রকাশিত হয়নি। পাঠকদের অসুবিধার জন্য আমরা আন্তরিকভাবে দুঃখিত। —সম্পাদক

---

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৮ মে, ২০১৮ ঢাকায় তাঁর কার্যালয়ে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বারের নিকট থেকে ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রণালয়ের কর্মকর্তা-কর্মচারীর ১ দিনের বেতনের সমপরিমাণ অর্থের চেক গ্রহণ করেন। -পিআইডি

## ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রীর হাই-টেক পার্ক সিলেট-এর নির্মাণ কাজ পরিদর্শন

হাই-টেক পার্ক সিলেটের নির্মাণ কাজ পরিদর্শন

**মো: গোলাম কিবরিয়া :** ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার গত ২৭ এপ্রিল, ২০১৮ হাই-টেক পার্ক সিলেট (সিলেট ইলেক্ট্রনিক সিটি)-এর নির্মাণ কাজ পরিদর্শন করেন। ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি বিষয়ক সংসদীয় *(বাকি অংশ ৬ পৃষ্ঠায়)*



## আসছে আইফোনের নতুন চিপ

**তুসিন আহমেদ :** টেক জায়ান্ট অ্যাপল চলতি বছর আনতে যাচ্ছে আরও শক্তিশালী প্রসেসর।

ইতোমধ্যে তারা প্রসেসরটির উৎপাদন শুরু করেছে। ধারণা করা হচ্ছে, চলতি বছর বাজারে আসা নতুন আইফোনে থাকবে প্রসেসরটি।

অ্যাপল নিশ্চিত করে কোনো তথ্য না জানালেও নানা গুঞ্জন শোনা যাচ্ছে, অ্যাপলের নতুন চিপসেটের নাম হবে 'এ১২'। এটি বর্তমান অ্যাপল ডিভাইসের ১০ ন্যানোমিটার চিপের চেয়ে দ্রুতগতির এবং আরও বেশি কার্যকর হবে।

সাত ন্যানোমিটারের চিপটি পূর্বের সংস্করণের তুলনায় কম ব্যাটারি ব্যয় করবে। ফলে ডিভাইসে তুলনামূলকভাবে বেশি ব্যাটারি ব্যাকআপ পাওয়া যাবে।

স্মার্টফোনের বাজারে ভালো অবস্থানে আছে অ্যাপল। সম্প্রতি সারা বিশ্বে সবচেয়ে বেশি বিক্রিত ফোনের তালিকায় শীর্ষে রয়েছে আইফোন ১০। এই বছরও স্মার্টফোনের বাজারে এগিয়ে থাকতে নতুন চিপ নিয়ে কাজ করছে অ্যাপল।

তবে সাত ন্যানোমিটার প্রসেসর ব্যবহারে অ্যাপলই একমাত্র প্রতিষ্ঠান নয়। স্যামসাং জানিয়েছে, শীঘ্রই আল্ট্রাভায়োলেট লিথোগ্রাফির মাধ্যমে সাত ন্যানোমিটার চিপ তৈরির কাজ শুরু হবে।

BPO SUMMIT BANGLADESH 2018

## যশোরে পোস্ট বিপিও সামিট অনুষ্ঠিত

**নিউজলেটার রিপোর্ট :** চলতি বছরের ১৫-১৬ এপ্রিল রাজধানী ঢাকায় প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে সফলভাবে অনুষ্ঠিত হয় বিপিও সামিট বাংলাদেশ-২০১৮। তারই ধারাবাহিকতায় গত ৩০ মে যশোরের শেখ হাসিনা সফটওয়্যার টেকনোলজি পার্ক অডিটরিয়ামে দিনব্যাপী অনুষ্ঠিত হয় 'পোস্ট বিপিও সামিট-২০১৮'।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যশোরের জেলা প্রশাসক আশরাফ উদ্দিন। এ সময় তিনি বলেন, শেখ হাসিনার বলিষ্ঠ নেতৃত্বে সুফল হিসেবে বাংলাদেশের অর্থনীতি দ্রুত বিকাশ লাভ করেছে। অনুন্নত দেশের তালিকা থেকে আজ আমরা উন্নয়নশীল দেশের তালিকায় ঠাঁই পেয়েছি। সম্প্রতি জাতিসংঘ এর আনুষ্ঠানিক স্বীকৃতিও দিয়েছে। তিনি আরও বলেন, আমাদের প্রযুক্তি খাতে এগিয়ে যেতে হবে। এজন্য সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। তরুণদেরকে প্রযুক্তিতে শিক্ষিত করে গড়ে তুলতে হবে। তাহলেই দেশ এগিয়ে যাবে বলে তিনি জানান।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মহাপরিচালক এ.কে.এম. খায়রুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন যশোরের পুলিশ সুপার আনিসুর রহমান, বিপিএম, পিপিএম (বার), পৌরসভার মেয়র মো. জহিরুল ইসলাম চাকলাদার, জেলা পরিষদের চেয়ারম্যান সাইফুজ্জামান পিকুল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সিস্টেমস ম্যানেজার মো. মহসিনুল আলম (যুগ্মসচিব), পরিচালক (অর্থ ও প্রশাসন) রেজাউল মাকছুদ জাহেদী, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কলসেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্য)-এর সভাপতি ওয়াহিদ শরীফ প্রমুখ।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা বলেন, বর্তমানে বাংলাদেশে বিপিও খাতে ৩০০ মিলিয়ন ডলার আয় করছে। প্রায় ৪০ হাজার তরুণ-তরুণী এখন এই সেক্টরে কাজ করছে। এই ধারা অব্যাহত রাখতে পারলে ২০২১ সাল নাগাদ এই খাতে এক লক্ষ লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারবো। সরকার ইন্টারনেটের দাম কমিয়েছে, অবকাঠামো গড়ে তোলার কাজ করেছে। ২০০৮ সালে যেখানে ইন্টারনেট ব্যবহারকারীর সংখ্যা ছিল ২৪ লাখ, বর্তমানে সেই সংখ্যা ৮ কোটি ছাড়িয়ে গেছে। কেবল গ্রাহকের সংখ্যা বাড়ানোই নয়, ব্যবহারকারীদের জন্যে ইন্টারনেট যেন নিরাপদ হয় সেজন্যেও সরকার কাজ করে যাচ্ছে। ২০০৮ সালে যে ব্যান্ডউইডথের দাম ছিলো ৭৫ হাজার টাকা, সরকার এখন তা এক হাজার টাকার নিচে নামিয়ে আনতে সক্ষম হয়েছে। মোবাইল ফোন ইন্টারনেটে আমরা ফোরজি সেবা চালু করেছি। অচিরেই একে ফাইভজিতে উন্নীত করার পরিকল্পনা হাতে নেওয়া হয়েছে। বঙ্গবন্ধু স্যাটেলাইট আমাদের দেশের প্রযুক্তি খাতকে এগিয়ে নিতে সাহায্য করবে বলে জানান বক্তারা।

উদ্বোধনী অনুষ্ঠান ছাড়াও এতে আয়োজন ছিলো, 'সম্ভাবনাময় কর্মক্ষেত্রের নতুন দিগন্ত : বিপিও' শীর্ষক সেমিনার। এতে বক্তব্য রাখেন বাক্যের সাধারণ সম্পাদক তৌহিদ হোসেন, যুগ্ম সম্পাদক আমিনুল হক, এসইআইপি-বাক্যর প্রকল্প সমন্বয়ক মাহতাব হক, সংগীত শিল্পী ও ইউটিউবার ইমরান হোসেন প্রমুখ। সেমিনার সঞ্চালনা করেন আমরা টেকনোলজিসের কৌশলগত কর্মকর্তা সোলায়মান সুখন। এছাড়াও অনুষ্ঠিত স্থানীয় পর্যায়ে বিপিও সেক্টর সম্প্রসারণে কৌশল নির্ধারণ ও করণীয় বিষয়ক গোলটেবিলে স্থানীয় শিক্ষাবিদ, আইসিটি পেশাজীবী ও ব্যবসায়ী নেতৃবৃন্দ অংশগ্রহণ করেন।

সরকারের ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (DoICT) এবং বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কলসেন্টার অ্যান্ড আউটসোর্সিং (বাক্য)-এর আয়োজনে এই সামিট অনুষ্ঠিত হয়।

## প্রতিবন্ধীদের জন্য প্রযুক্তি

*আইসিটি বিভাগের উদ্যোগে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল দেশে তৃতীয়বারের মতো আয়োজন করে জাতীয় আইটি প্রতিযোগিতা। গত ২১ এপ্রিল অনুষ্ঠিত সব শ্রেণির প্রতিবন্ধীদের জন্য আয়োজিত এ প্রতিযোগিতায় বিজয়ীদের নিয়ে লিখেছেন* **আব্দুর রাজ্জাক সরকার**

তিন বছর বয়সে দৃষ্টিশক্তি হারান মোকলেছুর রহমান। প্রতিবন্ধকতার বাধা জয় করে লালমনিরহাটের প্রত্যন্ত গ্রাম থেকে এখন পড়ছেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে। তৃতীয়বারের মতো অনুষ্ঠিত যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতায় অংশ নিয়ে সেরা তিনজনের একজন নির্বাচিত হয়েছেন তিনি।

শুধু মোকলেছুর রহমান নন, তার মতো আরও ৬০ জন প্রতিযোগী রাজধানীর গ্রিন রোডে ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিকে হয়ে গেল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতা। এটি যেন প্রতিযোগিতা নয়, মোকলেছুর রহমানদের মতো যারা সব বাধা অতিক্রম করে জীবনযুদ্ধে এগিয়ে যাচ্ছেন তাদের মিলনমেলা।

যুব প্রতিবন্ধীদের আইটি চর্চায় উদ্বুদ্ধ করা ও অন্তর্ভুক্তিমূলক উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ২০১৬ সাল থেকে জাতীয় পর্যায়ে এ আইটি প্রতিযোগিতার আয়োজন করে আসছে। এবার ছিল তৃতীয় আসর।

NATIONAL IT COMPETITION for Youth with Disabilities
যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতা ২০১৮
জাতীয় আইটি প্রতিযোগিতায় বিজয়ী প্রতিবন্ধীদের হাতে পুরস্কার তুলে দেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার

গাইবান্ধা, নওগাঁ, পটুয়াখালী, বরিশাল ও চট্টগ্রামসহ সারাদেশ থেকে আসা ৬০ জন প্রতিযোগী এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় ছিল চারটি ক্যাটাগরি। ক্যাটাগরিগুলো হলো ক. দৃষ্টি প্রতিবন্ধী, খ. শারীরিক প্রতিবন্ধী, গ. বাক ও শ্রবণ প্রতিবন্ধী এবং ঘ. নিউরো ডেভেলপমেন্ট প্রতিবন্ধী (অটিস্টিক বা অটিজম)।

গত ২১ এপ্রিল সকালে বেলুন উড়িয়ে প্রতিযোগিতার উদ্বোধন করা হয়। এরপর প্রতিযোগীরা নির্ধারিত কক্ষে বসেন পরীক্ষা দিতে। প্রতিযোগীদের যেন কোনো সমস্যায় পড়তে না হয় সেভাবেই সব সাজানো হয়েছিল। তারা যেন এটিকে প্রতিযোগিতা মনে না করে তাই ভেন্যুতে উৎসবের আবহ তৈরি করা হয়েছিল। বেলুন দিয়ে সাজানো হয়েছিল পুরো ভেন্যু।

প্রতিযোগীরা মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট ও ইন্টারনেট-এ চারটি বিষয়ে প্রতিযোগিতায় অংশগ্রহণ করেন। তাদের যেন পরীক্ষা ভীতি না থাকে এজন্য এক ঘণ্টা পরপর বিরতি দিয়ে পরীক্ষা চলে বিকেল ৪টা পর্যন্ত। পরীক্ষা শেষে চলে মধ্যাহ্ন পর্ব। এরপর বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দেওয়া হয়।

প্রতিযোগিতায় দৃষ্টিপ্রতিবন্ধী বিভাগে সেরা তিন নির্বাচিত হন নওগাঁ জেলার মো. আবদুস সোবহান, জেলার আসিফ করিম পাটোয়ারী এবং লালমনিরহাট জেলার মো. মোকলেছুর রহমান। শারীরিক প্রতিবন্ধী বিভাগে বিজয়ী হন টাঙ্গাইল জেলার সুমা আক্তার, ময়মনসিংহ জেলার মো. আনারুল ইসলাম ও নরসিংদীর রহিজুদ্দিন মিয়া। বাক ও শ্রবণ প্রতিবন্ধী বিভাগে সেরা হয়েছেন তিন নারী। তারা হলেন-লুৎফুন নাহার মিমু, সোমাইয়া ফেরদৌস মুন্নি ও *(বাকি অংশ ২য় পৃষ্ঠায়)*

## জাপান আইটি উইকে অংশ নিয়েছে বেসিস

জাপান আইটি উইকে অংশগ্রহণকারী প্রতিনিধিদলের সাথে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার

**মো. ওয়াসেক সাজ্জাদ :** এশিয়ার তথ্যপ্রযুক্তিবিদদের মিলনমেলা হিসেবে খ্যাত জাপান আইটি উইক। বিভিন্ন দেশের নামি-দামি তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠান নিজেদের অত্যাধুনিক সেবাসমূহ তুলে ধরে জাপানের সবচেয়ে বড় এ তথ্যপ্রযুক্তি মেলায়। পাশাপাশি, বিনিয়োগকারী-তথ্যপ্রযুক্তিবিদদের মধ্যে যোগাযোগের সেতুবন্ধন তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে এই মেলা। টোকিওতে ৯-১১ মে পর্যন্ত অনুষ্ঠিত জাপান আইটি উইকে প্রতিবারের মতো এবারও বাংলাদেশের প্রতিনিধিত্ব করেছে বেসিস। বেসিস থেকে এবার ১৫টি প্রযুক্তি প্রতিষ্ঠান, জাপান আইটি উইকে অন্যতম বৃহত্তম বাংলাদেশ প্যাভিলিয়নে নিজেদের সেবা প্রদর্শন করে। পাশাপাশি বেসিসের জ্যেষ্ঠ সহ-সভাপতি ফারহানা এ রহমান এবং সহ-সভাপতি (প্রশাসন) শোয়েব আহমেদ মাসুদের নেতৃত্বে অংশ নিয়েছে মোট ৩৫ সদস্যবিশিষ্ট প্রতিনিধিদল।

এ প্রসঙ্গে বেসিসের জ্যেষ্ঠ সহ-সভাপতি ফারহানা এ রহমান বলেন, জাপান আইটি উইক তথ্য-প্রযুক্তি প্রতিষ্ঠানগুলোর জন্যে নিজেদের দক্ষতা প্রদর্শনের অন্যতম বড় মাধ্যম। বিগত কয়েক বছর ধরে বেসিস সদস্যদের জাপান আইটি উইকে অংশগ্রহণের সুযোগ করে দিচ্ছে। এতে করে জাপানে বাংলাদেশের তথ্যপ্রযুক্তিখাত সম্পর্কে ইতিবাচক ধারণা সৃষ্টি হয়েছে। ফলশ্রুতিতে অনেক জাপানি বিনিয়োগকারী বাংলাদেশি প্রতিষ্ঠানে ইতোমধ্যে বিনিয়োগ শুরু করেছেন।

এবারে, জাপান আইটি উইকে অংশ নিয়েছে বেসিস সদস্য প্রতিষ্ঠান-ড্রিম ৭১ বাংলাদেশ লিমিটেড, বিডিটাস্ক, প্রাইমসিস আইটি লিমিটেড, কমলিঙ্ক ইনফো টেক লিমিটেড, নেসেনিয়া লিমিটেড, ইন্সোরা সল্যুশন লি, শিওর সফ্‌ট টেকনোলজি লিমিটেড, ই-জেনারেশন লি., লিডসফ্‌ট বাংলাদেশ লিমিটেড, ডেটাসফ্‌ট সিস্টেমস বাংলাদেশ লি., সিসটেক ডিজিটাল লিমিটেড, মিডিয়াসফ্‌ট ডেটা সিস্টেমস লিমিটেড, ডেভটিমি ইনকরপোরেশন, ইনফোটেক সল্যুশনস লি. এবং বিজেআইটি লিমিটেড।

এছাড়া প্রতিনিধি হিসেবে অংশ নিয়েছে বেসিস সদস্য প্রতিষ্ঠান-একআর টেকনোলজি, আর্কলাইট সিস্টেমস লি., ভেরিফাই লিমিটেড, এথিক্স এডভান্স টেকনোলজি লি., র‌্যাডিসন ডিজিটাল টেকনোলজিস লি.।

বেসিস থেকে ৩৫ সদস্যের প্রতিনিধিদলের পাশাপাশি জাপান আইটি উইকে অংশ নিয়েছে বাংলাদেশ হাইটেক পার্ক, এলআইসিটি, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-বিসিএস এবং তথ্যপ্রযুক্তি বিভাগের প্রতিনিধিদল।

## ডিজিটাল সার্ভিস এক্সিলেটর রিসোর্স পারসন প্রশিক্ষণ বিষয়ক কর্মশালা

কর্মশালায় অতিথিদের সাথে প্রশিক্ষণার্থীদের ফটোসেশন

**রুমা ধর :** গত ১৩ মে, ২০১৮ ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে ডিজিটাল সার্ভিস এক্সিলেটর (এটুআই প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের একটি যৌথ উদ্যোগ) কর্তৃক আয়োজিত 'ডিজিটাল সার্ভিস এক্সিলেটর রিসোর্স পারসন প্রশিক্ষণ' বিষয়ক এক কর্মশালা বিসিসি অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়ের মন্ত্রী মোস্তাফা জব্বার। অনিবার্য কারণবশত উপস্থিত থাকতে না পারায় মন্ত্রী মোবাইল ফোনের মাধ্যমে তার বক্তব্য প্রদান করেন। সভাপতি ছিলেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব সুবীর কিশোর চৌধুরী। এছাড়াও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মহাপরিচালক এ.কে.এম. খায়রুল আলম, এটুআই প্রকল্পের প্রকল্প পরিচালক মোস্তাফিজুর রহমান প্রশিক্ষণার্থীদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক বক্তব্য উপস্থাপন করেন। বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ/অধিদপ্তর থেকে সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামার এবং সহকারী প্রোগ্রামারসহ মোট ৮০ জন কর্মকর্তা উপস্থিত ছিলেন।

### লেখা আহ্বান

আইসিটি নিউজলেটারের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কর্মকর্তাদের কাছ থেকে লেখা আহ্বান করা যাচ্ছে। আইসিটি-সংশ্লিষ্ট যে কোন বিষয়ে অনধিক ৫০০ (পাঁচ শত) শব্দের মৌলিক রচনা কিংবা সংবাদ সাদরে গ্রহণ করা হবে। প্রয়োজন হলে লেখা ছবিসহ পাঠানো যাবে। লেখা লেখকের নাম-ঠিকানাসহ সরাসরি, ডাকযোগে অথবা ই-মেইলে পাঠাতে হবে। অমনোনীত লেখা ফেরতযোগ্য নয়। প্রকাশিত উন্নত মানের লেখা কর্তৃপক্ষের বিবেচনায় মনোনীত হলে যথাযথ পুরস্কার প্রদান করা হবে।

**লেখা পাঠাবার ঠিকানা :**
সম্পাদক, আইসিটি নিউজলেটার, আইসিটি টাওয়ার (১১ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭
ফোন: +৮৮-০২-৮১৮১১০১, ফ্যাক্স : +৮৮-০২-৮১৮১১০২ মোবাইল : ৮৮-০১৭১১১৬৬৩২৮
ictnewsletter2017@gmail.com, jahedi6076@gmail.com, Web: www.doict.gov.bd

আইসিটি নিউজলেটার (বাংলা) ▌প্রকাশক : তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা, বাংলাদেশ ▌উপদেষ্টা : এ. কে. এম. খায়রুল আলম, মহাপরিচালক (অতিরিক্ত সচিব) ▌সম্পাদনা : মো: রেজাউল মাকছুদ জাহেদী ও নবেন্দু চৌধুরী
প্রচার সম্পাদক : মোস্তাইন বিল্লাহ যোগাযোগ : আইসিটি টাওয়ার (১১ তলা), আগারগাঁও, ঢাকা-১২০৭, ঢাকা, বাংলাদেশ ফোন: +৮৮-০২-৮১৮১১০১ ফ্যাক্স : +৮৮-০২-৮১৮১১০২ মোবাইল : ৮৮-০১৭১১১৬৬৩২৮
ই-মেইল : ictnewsletter2017@gmail.com, jahedi6076@gmail.com, Web: www.doict.gov.bd
মুদ্রণ : আসলাম প্রিন্টার্স, ২২২ ফকিরাপুল, ঢাকা-১০০০